# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

মানিলন্ডারিং প্রতিরোধ সেল
dcamlco@krishibank.org.bd
Phone: 02-47120513

নং-প্রকা/আরএমডি(৩০)/CTR /২০২২-২০২৩/৩৮৪৩ তারিখ ঃ ১৯-০২-২০২৩

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে )
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ CBS এর মাধ্যমে নির্ভুল ও পরিপূর্ণ তথ্য সম্বলিত CTR যথাসময়ে BFIU এ প্রেরণে বিকেবি'র শাখা সমূহের করনীয়।

মহোদয়,

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এর বিএফআইইউ সার্কুলার নং-২৬, তারিখ-১৬/০৬/২০২০ এর নির্দেশনানুযায়ী ১০.০০ (দশ) লক্ষ বা তদুর্ধ্ব অংকের লেনদেন হলে সংশ্লিষ্ট হিসাবের CTR পরবর্তী মাসের ২১ তারিখের মধ্যে GoAML Webmail এর মাধ্যমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এ প্রেরণ করার নির্দেশনা রয়েছে।

০২। বর্তমানে বিকেবির শাখা সমূহ মাস শেষে ডিভাইন আইটি সফটওয়্যারের মাধ্যমে তাদের শাখার CTR যোগ্য লেনদেন দাখিল করে থাকে এবং যা অত্র বিভাগ হতে BFIU কর্তৃক প্রেরীত XML Validation Tool এর মাধ্যমে পরীক্ষা/সংশোধন করে BFIU এ প্রেরণ করা হয়ে থাকে। এই পদ্ধতিতে শাখা সমূহকে প্রতি মাসেই রিপোর্টটি দাখিল করতে হয় (CTR যোগ্য লেনদেন থাকা সাপেক্ষে)।

০৩। এই লেনদেন প্রতিবেদনটি স্বয়ংক্রিয়ভাবে CBS হতে প্রস্তুত করে বিএফআইইউ এ প্রেরণ করার সুযোগ রয়েছে। তবে CTR প্রেরণকালে হিসাবের তথ্য প্রদানে বিএফআইইউ এর কিছু শর্ত/ফরমেট রয়েছে। সে অনুযায়ী রিপোর্টটি পোস্টিং দিতে হয়। অত্র ব্যাংকের CBS এ বিএফআইইউ এর উক্ত ফরমেট অনুযায়ী গ্রাহকের তথ্য সংরক্ষিত থাকলে CBS হতেই স্বয়ংক্রিয়ভাবে রিপোর্টটি জেনারেট করা যাবে।

০৪। CBS এর মাধ্যমে CTR প্রেরণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট হিসাব সমূহের তথ্য BFIU এর চাহিদানুযায়ী নিম্নবর্ণিত ফরমেটে CBS এ সংরক্ষণ করা আবশ্যক ঃ

- TITLE→MR./ MRS. ছাড়া অন্য কিছু ব্যবহার করা যাবে না।
- PHONE→ MOBILE NO 11 DIGIT এর কম বা বেশী হওয়া যাবে না।
- কোন প্রতিষ্ঠানের নামে Account হলে Entity (Entity Information, Entity Director's Information, Signatory Information) পূরণ করতে হবে । Entity ক্ষেত্রে LTD, LIMITED, SONS, TRADERS, KHAMAR, SERVICE, CORPORATION, COMPANY, STORE, AGENCY প্রভৃতির নামে Account হলে Entity অবশ্যই পূরণ করতে হবে।
- NID→অবশ্যই ১০/১৩/১৭ DIGIT হতে হবে।
- অনেক সময় তথ্য Input দেওয়ার পর ভুলবশত/অভ্যাসবশত Space Bar-এ চাপ পড়ে যায়। ব্যক্তির নাম, বাবার নাম, মায়ের নাম এবং স্বামী বা স্ত্রীর নামের শেষে কোন Space দেয়া যাবে না। সেই সাথে নামের ক্ষেত্রে কোন সংখ্যা বা কোন প্রকারের চিহ্ন ব্যবহার করা যাবে না।
- জেলা, থানা ও zip কোড (পোস্ট কোড) পূরণ করতে হবে।
- First Name এ MR./ MRS. ব্যবহার করা যাবে না এবং First Name এ নূন্যতম ০৩ টি letter ব্যবহার করতে হবে। প্রয়োজনে (.) চিহ্ন সহকারে ০৩ টি letter নিশ্চিত করতে হবে। উদাহরণ স্বরূপ কোন ব্যক্তির নাম Md Abul হলে TITLE→ MR./MRS. হবে First Name→ Md. এবং Last Name→Abul হবে। একইভাবে কারো নাম Md. Abul Kalam Hossen হলে TITLE→ MR./MRS., First Name→ Md. এবং Last Name→Abul Kalam Hossen হবে।

- যদি কারো নাম একটি শব্দ দ্বারা হয় তাহলে First Name ও Last Name ঐ একটি শব্দই হবে। যেমন- শুধু মাত্র HASSAN নাম হলে First Name ও Last Name উভয় জায়গাতে HASSAN হবে।
- Mobile Number, Address এবং Occupation বা অন্য কোন ক্ষেত্রে শুধুমাত্র Other ব্যবহার করা যাবে না।
- যৌথ Account হলে প্রত্যেকের আলাদা CIF খুলতে হবে। Entity ক্ষেত্রে Signatory ২/৩/৪ অথবা যতজনই হোক না কেন প্রত্যেকের জন্য আলাদা CIF থাকবে ।
- কোন হিসাব এককভাবে পরিচালিত হলে Single এবং যৌথ বা অধিক হিসাবধারী দ্বারা পরিচালিত হলে Joint Select করতে হবে।

০৫। CBS এর মাধ্যমে CTR প্রেরণ করা হলে শাখা হতে উক্ত প্রতিবেদন দাখিল করা প্রয়োজন হবে না। বর্তমানে স্থানীয় মুখ্য কার্যালয়ের বর্ণিত প্রতিবেদন CBS হতে স্বয়ংক্রিয়ভাবে জেনারেট করা হচ্ছে। পর্যায়ক্রমে কর্পোরেট শাখা, জেলা শাখা এবং অন্যান্য শাখা সমূহের CTR স্বয়ংক্রিয়ভাবে CBS হতে জেনারেট করা হবে। সেজন্য যে সকল হিসাব হতে পূর্বে CTR যোগ্য লেনদেন সংগঠিত হয়েছে, সে সকল হিসাবের তথ্য ০৪ নং অনুচ্ছেদের নির্দেশনানুযায়ী সংরক্ষণ করার জন্য শাখা সমূহকে অনুরোধ করা হলো।

০৬। তথ্য ঘাটতি কিংবা নির্দিষ্ট ফরমেটে তথ্য সংরক্ষণ না করার কারণে CBS হতে কোন শাখার Cash Transaction Report জেনারেট করা সম্ভব না হলে, শাখাকে উক্ত মাসের সম্পূর্ণ প্রতিবেদন ডিভাইন আইটি সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে।

০৭। বিষয়টি অতীব জরুরী বিধায় সকল শাখা ব্যবস্থাপনাকে CTR যোগ্য সকল লেনদেন এর রিপোর্টিং নিশ্চিত করার জন্য হিসাবের তথ্য CBS এ যথাযথভাবে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

19.02.2023

(আঃ সঃ মঃ বাবর)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরজন্য অনুলিপি প্রেরণ ঃ

০১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ ও CAMLCO মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৪। নথি/মহানথি।